

📖 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ১০ জিলহজ্জের আমলসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রথম আমল: কঙ্কর নিক্ষেপ

কঙ্কর নিক্ষেপের সময়সীমা

রাসূলুল্লাহ (ﷺ) সূর্য ওঠার প্রায় দেড়-দুই ঘণ্টা পর কঙ্কর মেরেছিলেন। [1] সে হিসেবে এ সময়টাতেই ১০ তারিখের কঙ্কর নিক্ষেপ করা সুন্নত। সূর্য ঢলে যাওয়ার আগ পর্যন্ত এ-সুন্নত সময় চলতে থাকে। সূর্য ঢলে যাওয়া থেকে শুরু করে ১১ তারিখের সুবহে সাদেকের আগ পর্যন্ত জায়েয। বর্তমান-যুগে বিশ লক্ষাধিক হজ্জ পালনকারীর ভিড়ে সুন্নত সময়ে কঙ্কর মারা দুঃসাধ্য না হলেও অনেকের পক্ষেই কষ্টকর। তাই প্রথমে খবর নিন কখন ভিড় কম থাকে। অনেক সময় সকাল-বেলা ভিড় কম থাকে। কেননা অনেকেই ভাবেন যে এখন মনে হয় প্রচন্ড ভিড়, তাই পরে যাই। আবার অনেক সময় সকাল-বেলায় প্রচন্ড ভিড় থাকে। তাই উচিৎ হবে, ভিড় আছে কি-না, তা খবর নিয়ে দেখা।

১০ জিলহজ্জ সূর্যোদয় থেকে শুরু করে ১১ জিলহজ্জ সুবহে সাদেক উদয়ের পূর্ব পর্যন্ত কঙ্কর মারা চলে, এটাই আপনি মাথায় রাখুন। এ সময়ের মধ্যে যখন ভিড় কম বলে খবর পাবেন তখনই কঙ্কর মারতে যাবেন।

নারীদের জন্য ১০ তারিখ সূর্য ওঠার আগেও কঙ্কর নিক্ষেপ চলে। [2] তবে বর্তমানে এ সময়টায় পথঘাটে প্রচন্ড ভিড় থাকে। যার কারণে এ সময়ে জামারাতে গিয়ে কঙ্কর মেরে ফিরে আসা কঠিন ব্যাপার। তবে বিকেল বেলায় ও রাতে সাধারণত ফাঁকা থাকে। তাই নারীদের জন্য এ সময়ে কঙ্কর নিক্ষেপ সহজ।

ফুটনোট

[1] - عن جابر قال : رمى رسول الله صلى الله عليه وسلم الجمرة ضحى ورمي بعد يوم النحر إذا زالت الشمس (নাসায়ী : হাদিস নং ৩০১৩)

[2] - দেখুন মুসলিম : হাদিস নং ১২৯০

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=3522>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন